“আল্লাহ তা‘আলা সৃষ্টিজগতের তাকদীর আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর আগেই লিপিবদ্ধ করে রেখেছেন।

আব্দুল্লাহ ইবনু ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, তিনি বলেছেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “আল্লাহ তা‘আলা সৃষ্টিজগতের তাকদীর আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর আগেই লিপিবদ্ধ করে
রেখেছেন। তিনি আরো বলেছেন: “তখন তাঁর আরশ পানির উপরে ছিল।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন, নিশ্চয় আল্লাহ তা‘আলা সৃষ্টিজগতের তাকদীরে যা ঘটবে তা বিস্তারিতভাবে লাওহে মাহফুযে আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর আগেই লিখে রেখেছেন, যেমন: জীবন, মৃত্যু ও রিযিকসহ অন্যান্য বিষয়সমূহ। আর সেগুলো মহান আল্লাহর ফয়সালা অনুযায়ী অবশ্যই কার্যকর হচ্ছে। সুতরাং যা কিছুই ঘটবে সবকিছু আল্লাহর নির্ধারণ (তাকদীর) ও ফয়সালার কারণেই হবে। অতএব, বান্দার জন্য যা পাওয়ার ছিল, তা কখনো ছুটে যাওয়ার নয়, আবার যা ছুটে যাওয়ার ছিল, তা কখনো পাওয়ার নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/65038